# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫০৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯১৮]

১১. কিতাবুল জুমআ বা জুমআ পর্ব (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ মিম্বারের উপর দাঁড়িয়ে ইমাম খুতবা দিবেন

باب الْخُطْبَةِ عَلَى الْمِنْبَرِ

আরবী

□□□- عن جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ الله عَنْهُمَا قَالَ: كَانَ جِذْعٌ يَقُومُ إِلَيْهِ النَّبِيُّ ، فَلَمَّا وُضِعَ لَهُ الْمِنْبَرُ ،سَمِعْنَا لِلْجِذْعِ مِثْلَ أَصْوَاتِ الْعِشَارِ، حَتَّى نَزَلَ النَّبِيُّ فَوَضَعَ يَدَهُ عَلَيْهِ. (بخارى:□□□)

বাংলা

৫০৫) জাবের বিন আব্দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ মসজিদে নববীতে খেজুর গাছের একটি খুঁটি ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এটির সাথে হেলান দিয়ে দাঁড়িয়ে খুতবা দিতেন। অতঃপর যখন মিম্বার বানানো হল তখন খেজুর গাছের খুঁটি থেকে আমরা দশ মাসের গর্ভবতী উটনীর আওয়াজের ন্যায় আওয়াজ শুনতে পেলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিম্বার থেকে নেমে এসে কান্ডের উপর হাত রাখলেন। (হাত রাখার পর সেটি থেমে গেল)

## English

(to deliver) the Khutba on the pulpit

Narrated Jabir bin `Abdullah:

The Prophet (ﷺ) used to stand by a stem of a date-palm tree (while delivering a sermon). When the pulpit was placed for him we heard that stem crying like a pregnant she-camel till the Prophet (ﷺ) got down from the pulpit and placed his hand over it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89803

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন